বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট- ২

সার্কুলার লেটার নং- ০৬/২০১৭ তারিখ ঃ ১৯-১১-২০১৭ খ্রিঃ

বিষয় ঃ কর্মকর্তা/কর্মচারীদের বদলীর আদেশ বাস্তবায়ন প্রসঙ্গে।

গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, ব্যাংকের কাজের স্বার্থে কর্মকর্তা/কর্মচারীদের বদলীর আদেশ জারী করার পর উক্ত আদেশ যথাযথভাবে পরিপালন না করে বরং বদলীকৃত কর্মকর্তা/কর্মচারীগণ বদলীর আদেশ স্থগিত/রহিতকরণের জন্য ব্যাংকের ভিতর/বাহিরের প্রভাবশালী মহলের মাধ্যমে অবৈধ প্রভাব বিস্তারের চেষ্টা করেন, যা চাকুরি প্রবিধানমালার সুস্পষ্ট লংঘন। এছাড়া কর্মকর্তা/কর্মচারীদের বদলী সংক্রান্ত নীতিমালা ১১/২০০২ এর অনুচ্ছেদ নং ২২ ও ২৩ এ নিম্নরূপ উল্লেখ আছে ঃ

(২২) বদলীর আদেশ প্রাপ্তির পর অবৈধ প্রভাব বিস্তারের জন্য চেষ্টা ও তদবির চাকুরী প্রবিধানমালা পরিপন্থি বিবেচনায় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত নথিতে উহা অসদাচরণ হিসাবে রেকর্ড করা হইবে, যাহা পরবর্তী পদোন্নতির সময় নেতিবাচক বিবেচনায় আনা হইবে ;

(২৩) জারীকৃত বদলী আদেশে নির্ধারিত সময়ের মধ্যে ছাড়পত্র প্রদান না করা হইলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী স্বয়ংক্রিয়ভাবে ছাড়পত্র প্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন এবং ঐ শাখা/কার্যালয় হইতে তিনি কোন বেতনভাতা প্রাপ্য হইবেন না।

০২। এমতাবস্থায়, কর্মকর্তা/কর্মচারীদের বদলী সংক্রান্ত নীতিমালা ও বদলীর আদেশ যথাযথভাবে পরিপালনের নির্দেশ দেয়া হলো। ব্যর্থতায় বদলীর আদেশপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী ও প্রয়োজনবোধে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করা হবে।

আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ
AGM (Systems)
AGM (Card)
SPO/ASA/PO/EXCN
Mr.........................
১। প্রয়োজনীয় ব্যবস্থা নিন।
২। অতীব জরুরী দ্রুত ব্যবস্থা নিন।
৩। কাংখিত তথ্য/প্রতিবেদন প্রেরণ করুন।
৪। নির্ধারিত সময়ের মধ্যে জবাব দিন।
৫। আলাপ করুন।

অনুমোদনক্রমে-

১৯/১১/২০১৭
(মোঃ জহির ইকবাল)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৫৬৯১১

নং-প্রকা/এইচআরএমডি-২/৩৭(১)(২২)/২০১৭-২০১৮/১৮৯১ তারিখ ঃ ১৯-১১-২০১৭ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক/ অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেম্‌স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো)।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বিকেবি (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
০৯। নথি/মহানথি।

১৯/১১/২০১৭
(মোঃ আনোয়ারুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক